

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২২১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيْ النَّاسِ أَفْضَلُ ؟ قَالَ: «كُلُّ مَخمومُ الْقلب صَدُوقِ اللِّسَان». قَالُوا: صدرق اللِّسَانِ نَعْرِفُهُ فَمَا مَخْمُومُ الْقَلْب ؟ قَالَ: «هُوَ النَّقِيُّ التَّقِيُّ التَّقِيُّ لَا إِثْمَ عَلَيْهِ وَلَا بَغْيَ وَلَا غِلَّ وَلَا حَسَدَ» نَعْرِفُهُ فَمَا مَخْمُومُ الْقَلْب ؟ قَالَ: «هُوَ النَّقِيُّ التَّقِيُّ التَّقِيُّ لَا إِثْمَ عَلَيْهِ وَلَا بَغْيَ وَلَا غِلَّ وَلَا حَسَدَ» . رَوَاهُ ابْنُ مَاجَهُ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

اسناده صحيح ، رواه ابن ماجم (4216) و البيهقى فى شعب الايمان (6604) ـ (صَحِيح)

বাংলা

৫২২১-[৬৭] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.)-কে বলা হলো, মানুষের মধ্যে উত্তম কে? তিনি বললেন: প্রত্যেক নিঙ্কলুষ অন্তঃকরণ-সত্যভাষী। সাহাবীগণ বললেন, "সুদূকুল লিসান" তো আমরা বুঝি, তবে "মাখমূমূল কলব" কী? তিনি বললেন: সচ্ছ ও পবিত্র অন্তঃকরণ, যা পাপ করেনি, যুলম করেনি ও হিংসা-বিদ্বেষে জড়ায়নি। (ইবনু মাজাহ ও বায়হাক্কী'র শুআবুল ঈমান)

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৪২১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯৪৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৮৯।

ব্যাখ্যা



ও পবিত্র কলব নিয়ে আল্লাহর দরবারে হাযির হবে....।" (সূরা আশ শুআরা- ২৬ : ৮৯)
আল কামূস অভিধান গ্রন্থের ভাষ্য মতে,(مَخْمُومُ) শব্দটি(خَمُسْتَةُ) থেকে এসেছে। এটা তখন
বলবে, যখন ঘর ময়লা কুটো থেকে পরিষ্কার করবে। (مَخْمُومُ الْقَلْب) এর অর্থ হলো দুশ্চরিত্র থেকে এবং
অপবিত্র 'আকীদা-বিশ্বাস ইত্যাদি থেকে কলবকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।

وعدق اللِّسَانِ) যবানের সত্যবাদিতা', এটা হলো ঐ গুণ যার দ্বারা মানুষের সত্যবাদীর পরিচয় ঘটে। মুনাফিক এবং লৌকিক ব্যক্তি এর অন্তর্ভুক্ত নয়। কেননা তাদের মুখের কথার সাথে তাদের কার্যের মিল নেই। (مَخْمُومُالْقَلْبِ) পরিচ্ছয় কলবের' ব্যাখ্যা দিতে গিয়ে রাস্লুল্লাহ (সা.) বলেন- তা এমন একটি কলব যা স্বচ্ছ, নির্মল, সংযমী, পবিত্র এবং যুলম ও হিংসা-বিদ্বেষ থেকে মুক্ত। (মিরক্বাতুল মাফাতীহ; ইবনু মাজাহ ৩য় খণ্ড, হা, ৪২১৬; লুম্'আহ্ আত্ তানকীহ ৪৪৭ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Strink — https://www.hadithbd.com/hadith/link/?id=85201

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন